অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/5/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটজুড়ে অতি গুরুত্বপূর্ণ পানি অবকাঠামো প্রকল্পের জন্য 70 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ ঘোষণা করলেন

নিরাপদ খাবার পানি সংরক্ষণ, দূষণ প্রতিরোধ এবং জনস্বাস্থ্য ও পরিবেশের ঝুঁকি হ্রাস করার জন্য কাজ শুরু হতে একদম প্রস্তুত প্রকল্পসমূহের জন্য প্রয়োজনীয় মূলধনের মিউনিসিপ্যাল অ্যাক্সেসকে আর্থিক সহায়তার অনুমোদিত করে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটজুড়ে পানি অবকাঠামো উন্নয়ন প্রকল্পসমূহের জন্য 70 মিলিয়ন মার্কিন ডলারের বেশি আর্থিক সহায়তা ঘোষণা করলেন। এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) পরিচালনা পর্ষদ নিম্ন ব্যয়ের অর্থায়নের এবং পূর্বে ঘোষিত অনুদানসমূহের অনুমোদন দিয়েছে, যার ফলে জনস্বাস্থ্য ও পরিবেশের জন্য সম্ভাব্য ঝুঁকি হ্রাস করে এমন কাজ শুরু হতে একদম প্রস্তুত প্রকল্পসমূহের জন্য খাবার পানি ও সিউয়ার প্রকল্পের জন্য প্রয়োজনীয় মূলধনের মিউনিসিপ্যাল অ্যাক্সেসকে অনুমোদিত করেছে। এছাড়া বোর্ড পাঁচটি সম্পূর্ণ প্রকল্পের জন্য নিম্ন ব্যয়ের দীর্ঘমেয়াদি অর্থায়নের অনুমোদন দিয়েছে, যা মিউনিসিপ্যালিটিগুলিকে তারা নিজেরা ঋণ গ্রহণ করলে যেই সুদের হার দিতে হতো তার থেকে কম হার প্রদানের মাধ্যমে ঋণের ক্ষেত্রে ত্রাণ প্রদান করবে।

"সংস্পর্শ ও স্বাস্থ্য ঝুঁকি প্রতিরোধ করবে এবং অতি গুরুত্বপূর্ণ পানি অবকাঠামো প্রকল্পসমূহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সম্প্রদায়দায়সমূহকে সংস্থান প্রদানের জন্য নিউ ইয়র্ক স্টেট প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের বোর্ড অনুমোদিত অনুদান ও অর্থায়নসমূহ ব্যবহার করে আরো বড় স্থানীয় বিনিয়োগ আনা সম্ভব হবে যা নিউ ইয়র্কের প্রত্যেক কোণায় আমাদের সম্প্রদায়সমূহের কাছে যাতে পরিষ্কার, নিরাপদ পানি পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে সাহায্য করবে।"

অনুমোদিত তহবিলের মধ্যে উল্লেখযোগ্য হলো স্টেটের নির্ধারিত সর্বোচ্চ দূষণ মাত্রার (Maximum Contaminant Level, MCL) উপরে উদীয়মান দূষককে পরিশোধন করার জন্য অনুদান। এই অনুদানসমূহের মধ্যে রয়েছে 11টি খাবার পানি প্রকল্পের জন্য সাফোক কাউন্টি পানি কর্তৃপক্ষের (Suffolk County Water Authority) জন্য মোট 16.2 মিলিয়ন মার্কিন ডলার এবং একইসাথে নাসাউ কাউন্টির ম্যানহাসেট লেকভিল পানি জেলার (Manhasset Lakeville Water District) জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার অনুদান।

এছাড়াও বোর্ড স্টেটের অনুদান ও ফেডারেল দ্বিপক্ষীয় অবকাঠামো আইন (Bipartisan Infrastructure Law, BIL) থেকে প্রাপ্ত তহবিল ব্যবহার করে দুইটি অতি গুরুত্বপূর্ণ সিউয়ার প্রকল্পকে অনুমোদিত করেছে। এইসব স্টেট ও ফেডারেল বিনিয়োগের মধ্যে রয়েছে অ্যালবানি কাউন্টির ওয়াটারভলিয়েট শহরের জন্য 7 মিলিয়ন মার্কিন ডলারের বেশি এবং ডেলাওয়্যার কাউন্টির সিডনি গ্রামের জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি।

নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন, "সকল নিউ ইয়র্ক সম্প্রদায়ের কাছে যাতে নিজেডি এর অতি গুরুত্বপূর্ণ সিউয়ার ও খাবার পানি প্রকল্প গ্রহণ করার জন্য প্রয়োজনীয় আর্থিক সাহায্য থাকে তা নিশ্চিত করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতি আজকের ঘোষণায় অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য সংস্থান দ্বারা স্পষ্ট হয়েছে। আমরা আমাদের স্টেটের পানি অবকাঠামোতে কৌশলগত, জীবন রক্ষাকারী উন্নয়নকাজ করছি এবং এই বিনিয়োগগুলি আগামী প্রজন্মের নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক হবে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন বোর্ডের প্রধান ব্যাসিল সেগোস বলেন, "আজকে ঘোষিত অনুদানসমূহের মতো পরিষ্কার পানি প্রকল্পসমূহে স্টেটের টেকসই বিনিয়োগ হলো সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে পরিষ্কার পানি থাকে তা নিশ্চিত করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির প্রমাণস্বরূপ এবং তা উদীয়মান ও অন্যান্য দূষক থেকে খাবার পানির সুরক্ষার জন্য স্টেটজুড়ে সম্প্রদায়সমূহের সাথে DEC এর করা কাজ দ্বারা আরো বলীয়ান হয়। আগামী প্রজন্মের জন্য আমাদের সম্প্রদায়সমূহের স্বাস্থ্য এবং আমাদের প্রাকৃতিক সংস্থান রক্ষা করতে পানি অবকাঠামো প্রকল্পসমূহে আমাদের স্টেট ও ফেডারেল অংশীদারদের সাথে কাজ করতে পেরে DEC গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health) ভারপ্রাপ্ত কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "একটি স্বাস্থ্যকর সম্প্রদায় গঠন ও ধরে রাখার একটি মৌলিক অংশ হলো পরিষ্কার খাবার পানি পাওয়ার সুযোগ সৃষ্টি করে দেওয়া। গভর্নর হোকলের আজকে ঘোষিত বিনিয়োগসমূহ সেই প্রয়োজন উপলব্ধি করেছে এবং নিউ ইয়র্কবাসীর কাজে যাতে সম্ভাব্য সেরা মানের পানি উপলভ্য থাকে তা এটি নিশ্চিত করবে।"

নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "আমাদের পরিষ্কার পানি অবকাঠামোর হালনাগাদ করতে নিউ ইয়র্ক স্টেট সক্রিয় থাকা অব্যাহত রাখছে, এটি স্বাস্থ্যকর, টেকসই, এবং স্থিতিস্থাপক সম্প্রদায় গঠনের জন্য একটি শীর্ষ অগ্রাধিকার। জনস্বাস্থ্যে সম্ভাব্য ঝুঁকি হ্রাস করতে, আমাদের সম্প্রদায়সমূহের লাভের জন্য এবং নিউ ইয়র্কের পরিবেশ ও অর্থনীতিকে আগামী প্রজন্মের জন্য বলীয়ান করতে প্রয়োজনীয় সংস্থান স্টেটজুড়ে পানি ও সিউয়ার উন্নয়ন প্রকল্পসমূহে আর্থিক সহায়তার জন্য উপলভ্য 70 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে।"

পরিবেশ সংরক্ষণ এজেন্সির (Environmental Protection Agency) আঞ্চলিক প্রশাসক লিসা এফ. গার্সিয়া বলেন, "দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের কারণে, নিউ ইয়র্ক স্টেটজুড়ে একাধিক ধরনের পানি অবকাঠামো উন্নয়নকাজে ব্যবহার করতে সম্প্রদায়সমূহের জন্য তহবিল এখানেই প্রস্তুত আছে। মানুষের নিরাপদ খাবার পানি পাওয়ার সুযোগ নিশ্চিত করতে এবং স্টেটজুড়ে মানুষের জীবনযাত্রা উন্নত করার জন্য আমাদের জলপথে বর্জ্য হ্রাস করার জন্য উপযুক্ত প্রকল্পসমূহের কাজে তহবিল পৌঁছাতে গভর্নর হোকল এবং এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন যে কাজ করেছেন আমি তার প্রশংসা করছি।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "ঘনঘন মেইন ব্রেক থেকে শুরু করে ক্ষয়প্রাপ্ত অবকাঠামো ও সীসা ও পারফ্লুরোঅ্যালকালাইল এবং পলিফ্লুরোঅ্যালকালাইল উপাদানের (Perfluoroalkyl and Polyfluoroalkyl Substances, PFAS) মতো দূষক পর্যন্ত, আমাদের পানি ব্যবস্থা দীর্ঘদিন ধরে অবহেলিত হয়েছে, যার ফলে প্রায়শই আমাদের সম্প্রদায়সমূহের স্বাস্থ্য ও নিরাপত্তা বিঘ্নিত হয়েছে," বলেন কংগ্রেসম্যান পল টঙ্কো। "অনেক দশক ধরে এই লুকানো কিন্তু অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো অবহেলিত হয়েছে, তাই কংগ্রেসে আমাদের দ্বিপক্ষীয় অবকাঠামো আইন দ্বারা এই পদক্ষেপ নিতে পেরে আমি গর্বিত। নিউ ইয়র্ককে প্রদত্ত এই ফেডারেল ও স্টেট উভয় তহবিলের জন্য আমি কৃতজ্ঞ, এবং আমাদের অঞ্চলের পানির অবকাঠামোর জন্য প্রয়োজনীয় বিনিয়োগ পেতে আমি কাজ চালিয়ে যাবো।"

অনুমোদিত পরিষ্কার পানির প্রকল্পে অর্থায়ন

- **অরেঞ্জ কাউন্টির ফ্লোরিডা গ্রাম** - বর্জ্যপানি পরিশোধনাগারে একটি নতুন নিঃসৃত বর্জ্য জীবাণুমুক্তকরণ ব্যবস্থার পরিকল্পনা, নকশা ও নির্মাণের জন্য 54,540 মার্কিন ডলার পানি অবকাঠামো উন্নয়ন অ্যাক্ট (Water Infrastructure Improvement Act, WIIA) অনুদান।
- **লিভিংস্টোন কাউন্টির আভলন গ্রাম** - বর্জ্যপানি পরিশোধনাগারে জীবাণুমুক্তকরণ ব্যবস্থার উন্নয়নের পরিকল্পনা, নকশা ও নির্মাণের জন্য 600,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদী সুদমুক্ত অর্থায়ন, 1,000,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদী বাজার দরের অর্থায়ন এবং 200,000 মার্কিন ডলার WIIA অনুদান।
- **সেনেকা কাউন্টির সেনেকা ফলস টাউন** - সেনেকা ফলস বর্জ্যপানি পরিশোধনাগারে (Seneca Falls Wastewater Treatment Plant) একটি নতুন অতিরিক্ত প্রবাহ ট্যাঙ্কের পরিকল্পনা, নকশা ও নির্মাণের জন্য 5,130,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদে সুদমুক্ত অর্থায়ন এবং 1,710,000 মার্কিন ডলার WIIA অনুদান।
- **অ্যালবানি কাউন্টির ওয়াটারভলিয়েট শহর** - একটি সম্মিলিত সিউয়ারের অতিরিক্ত প্রবাহ নির্মূল প্রকল্পের পরিকল্পনা, নকশা ও নির্মাণকাজের জন্য 875,000 মার্কিন ডলার স্বল্পমেয়াদী সুদমুক্ত অর্থায়ন এবং BIL সাধারণ সম্পূরক তহবিল (BIL General Supplemental Funds) থেকে 2,549,000 মার্কিন ডলার অনুদান, স্বল্পমেয়াদী বাজার দরের 2,500,000 মার্কিন ডলার অর্থায়ন, এবং 1,248,141 মার্কিন ডলার WIIA অনুদান।
- **ডেলাওয়্যার কাউন্টির সিডনি গ্রাম** - বর্জ্যপানি পরিশোধনাগারের উন্নয়নের পরিকল্পনা, নকশা ও নির্মাণকাজের জন্য 565,312 মার্কিন ডলার স্বল্পমেয়াদী সুদমুক্ত অর্থায়ন এবং 565,313 মার্কিন ডলার পরিষ্কার পানির স্টেটের আবর্তিত তহবিল (Clean

Water State Revolving Fund, CWSRF) অনুদান থেকে 887,469 মার্কিন ডলার অনুদান এবং 565,313 মার্কিন ডলার WIIA অনুদান।

- **সারাটোগা কাউন্টির করিন্থ গ্রাম** - বর্জ্যপানি পরিশোধনাগারের প্রতিস্থাপন ও সংগ্রহ ব্যবস্থার পুনর্বাসনের জন্য 12,423,597 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি সুদমুক্ত অর্থায়ন।
- **সালিভ্যান কাউন্টির বেথেল টাউন** - কনেওঙ্গা লেক সিউয়ার জেলার (Kauneonga Lake Sewer District) স্যানিটারি সিউয়ার সংগ্রহ ব্যবস্থার কিছু অংশের পুনর্বাসন ও প্রতিস্থাপনের জন্য 2,474,520 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি সুদমুক্ত অর্থায়ন।
- **ইরি কাউন্টির অ্যালডেন গ্রাম** - স্যানিটারি সিউয়ার এবং বর্জ্য পানি পরিশোধনাগারের উন্নয়নের জন্য 4,961,891 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি সুদমুক্ত অর্থায়ন।
- **ওসওয়েগো কাউন্টির ওসওয়েগো সিটি** - শহরের দুইটি বর্জ্যপানি পরিশোধানাগারের বৈদ্যুতিক, যান্ত্রিক ও সফ্টওয়্যার উন্নয়নকাজের পরিকল্পনা, নকশা ও নির্মাণকাজের জন্য 7,436,058 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি সুদমুক্ত অর্থায়ন।
- **রেনসেলার কাউন্টির ট্রয় সিটি** - অ্যালবানি পুল সম্মিলিত সিউয়ার ওভারফ্লো দীর্ঘমেয়াদি নিয়ন্ত্রণ পরিকল্পনার (Albany Pool Combined Sewer Overflow Long Term Control Plan) সমর্থনে ট্রয় সিটি, অ্যালবানি এবং কোহেসে সম্মিলিত সিউয়ারের অতিরিক্ত প্রবাহ বন্ধের প্রকল্পসমূহের অর্থায়নে 4,800,652 মার্কিন ডলার দীর্ঘমেয়াদি সুদমুক্ত অর্থায়ন।

অনুমোদিত সুপেয় পানির প্রকল্পে অর্থায়ন

- **সাফোক কাউন্টি পানি কর্তৃপক্ষ** - মোট 16,200,000 মার্কিন ডলারের 11টি WIIA অনুদান যা নিম্নের অবস্থানগুলিতে 1,4-ডায়োক্সেন অপসারণ করার জন্য নতুন উন্নত অক্সিডেশন প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থা নির্মাণ করবে:
    - স্মিথটাউন টাউনের কিংস পার্কে অবস্থিত সাঙ্কেন মিডো স্টেট পার্ক ওয়েল ফিল্ড।
    - ইসলিপ টাউনের ব্রেন্টউডে অবস্থিত থার্ড অ্যাভিনিউ ওয়েল ফিল্ডের 3 নম্বর কুয়া।
    - ইসলিপ টাউনের সেন্ট্রাল ইসলিপে অবস্থিত কমার্শিয়াল ব্যুলেভার্ড ওয়েল ফিল্ড।
    - হান্টিংটাউন টাউনের নর্থপোর্ট গ্রামে অবস্থিত ডগলাস অ্যাভিনিউ ওয়েল ফিল্ড।
    - স্মিথটাউন টাউনের কিংস পার্কে অবস্থিত ওল্ড ডক রক ওয়েল ফিল্ড।
    - স্মিথটাউন টাউনের কিংস পার্কে অবস্থিত লরেন্স রোড ওয়েল ফিল্ড।
    - হান্টিংটাউন টাউনের সালঙ্গা গ্রামে অবস্থিত ওয়েইন কোর্ট ওয়েল ফিল্ড।
    - ব্রুকহাভেন টাউনের টেরিভিলে অবস্থিত জেইন ব্যুলেভার্ড ওয়েল ফিল্ড।
    - স্মিথটাউন টাউনের হ্যাপগে অবস্থিত হুইলার রোড ওয়েল ফিল্ড।
    - ইসলিপ টাউনের লেকল্যান্ড/রনকনকোমায় অবস্থিত পেকোনিক স্ট্রিট ওয়েল ফিল্ড।
    - হান্টিংটাউন টাউনের কোল্ড স্প্রিং হার্বারে অবস্থিত উডচাক হলো রোড ওয়েল ফিল্ড।

- **নাসাউ কাউন্টির ম্যানহাসেট লেকভিল পানি জেলা** - উইলেটস ওয়েলে পারফ্লুরোকট্যানোয়িক এসিড (perfluoroctanoic acid, PFOA) এবং পারফ্লুরোঅক্টেন সালফোনেট (perfluorooctane sulfonate, PFOS) অপসারণ করার জন্য একটি দানাদার সক্রিয় কার্বন ব্যবস্থা স্থাপনের জন্য 2,058,600 মার্কিন ডলার WIIA অনুদান।
- **ওয়েস্টচেস্টার কাউন্টির বেডফোর্ড টাউন** - ফার্মস এবং ওল্ড পোস্ট রোড পানি জেলাসমূহের দুইটি নতুন কুলা সরবরাহের পাশাপাশি একটি নিয়ন্ত্রণ ভবন নির্মাণ, ক্লোরিনেশন ইঞ্জেকশন ব্যবস্থা, পানির মূল সংযোগ ও বৈদ্যুতিক সেবার জন্য 841,050 মার্কিন ডলার WIIA অনুদান।
- **শ্যাটাকোয়া কাউন্টির ব্রকটন গ্রাম** - 395,520 মার্কিন ডলার স্বল্পমেয়াদী বাজার দরের অর্থায়ন এবং সেন্ট্রাল অ্যাভিনিউয়ে আনুমানিক 3,400 সরল ফুট 8 ইঞ্চি ওয়াটারমেইন প্রতিস্থাপন করার জন্য 605,280 মার্কিন ডলার WIIA অনুদান।

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক বিশুদ্ধ জলের অবকাঠামোর প্রকল্পে বিনিয়োগ বাড়াচ্ছে। অতি সম্প্রতি, তার 2023 সালের নির্বাহী বাজেট প্রস্তাবে, গভর্নর হোকল পরিষ্কার জলের তহবিলে অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রতিশ্রুতি দিয়েছিলেন, যা নিউ ইয়র্কের মোট বিশুদ্ধ জল অবকাঠামো বিনিয়োগকে 5 বিলিয়ন মার্কিন ডলারে নিয়ে আসে। এইসব বিনিয়োগকে কাজে লাগানোর জন্য এবং স্থানীয় সরকারসমূহের সাথে চলমান সমন্বয় অব্যাহত রাখার জন্য, ক্ষুদ্র, গ্রামীণ ও সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে নিজেদের পরিষ্কার পানি অবকাঠামো চাহিদা পূরণ করার জন্য আর্থিক সহায়তা পেতে তাদের সাহায্য করার জন্য সম্প্রদায়ের সহায়তা দলসমূহ (Community Assistance Teams, CAT) সক্রিয় আউটরিচ প্রদান করছে। সহায়তার প্রয়োজন আছে এমন সম্প্রদায়সমূহকে efc.ny.gov/CAT এ গিয়ে EFC-কে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

পাশাপাশি, 4.2 বিলিয়ন মার্কিন ডলারের পরিষ্কার পানি, পরিষ্কার বায়ু এবং সবুজ কর্মসংস্থানের পরিবেশগত বন্ড অ্যাক্ট 2022 এর (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) প্রতি ভোটারদের অনুমোদনের ফলে বয়িষ্ণু পানি অবকাঠামোর উন্নয়ন করবে; বায়ু দুষ হ্রাস করবে এবং জলবায়ু পরিবর্তনকারী নিঃসরণ কমাবে; প্রাণীর আবাসস্থলের পুনর্বাসন করবে; সম্প্রদায়সমূহের চরম ঝড় ও বন্যা সহ্য করার ক্ষমতা জোরদার কবে; আউটডোর স্থান ও স্থানীয় খামার সংরক্ষণ করবে; এবং 40 শতাংশ লক্ষ্য নিয়ে, সংস্থানের কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে বিনিয়োগ করে সমতা নিশ্চিত করার জন্য অতিরিক্ত ঐতিহাসিক মাত্রার তহবিল প্রদান করা হবে।

EFC তাদের অনুদান কর্মসূচিসমূহের মাধ্যমে পানি অবকাঠামোর জন্য এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট তহবিল উপলভ্য করার প্রক্রিয়া শুরু করেছে। জনমতের জন্য খসড়া যোগ্যতার নির্দেশনা প্রকাশ করার ফলে বয়িষ্ণু ব্যবস্থার আধুনিকায়ন ও খাবার পানিকে সুরক্ষিত রাখার জন্য WIIA/ইন্টারমিউনিসিপ্যাল অনুদান কর্মসূচিসমূহের লিগেসিকে সম্প্রসারিত করা হবে। যোগ্যতার নির্দেশনার উপর জনগণের মন্তব্য গৃহীত হবে 14 এপ্রিল, শুক্রবার, বিকাল 5টা পর্যন্ত। ম্যাইর কানিংহ্যামের প্রতি লিখিত মন্তব্য জমা দিন NYSWaterGrants@efc.ny.gov এ অথবা Environmental Facilities Corporation, 625 Broadway, Albany, NY 12207 এ।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন